

সমকাল

শিক্ষার্থীদের দাবি ১২ দিনের মধ্যে বাস্তবায়ন - বুয়েট উপাচার্য

১০ ঘণ্টা আগে

সমকাল প্রতিক্রিয়াক

আগামী ১২ দিনের মধ্যে আন্দোলনকারী শিক্ষার্থীদের দাবি বাস্তবায়নের আশ্বাস দিয়েছেন বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) উপাচার্য অধ্যাপক সাইফুল ইসলাম। গতকাল রোববার দুপুরে নিজ কার্যালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে ছাত্রদের দাবি বাস্তবায়নের সময়সীমা জানতে চাইলে তিনি এ আশ্বাস দেন। এ সময়ের মধ্যে ভর্তি পরীক্ষার ফলও দিতে পারবেন বলে তিনি জানান।

শিক্ষার্থীদের সব দাবি যৌক্তিক বলে স্বীকার করে উপাচার্য বলেন, 'আমার তো হাত-পা বাঁধা। আমি তো রাজা নই যে, যা ইচ্ছা তাই করতে পারব। তবে চেষ্টার ত্রুটি হবে না। সব দাবি তো আমাদের হাতে নেই। এ জন্যই বলেছিলাম, নীতিগতভাবে দাবিগুলো মেনে নিয়েছি। এর মধ্যে আমি শিক্ষামন্ত্রীর সঙ্গে বসেছি। আমি নিশ্চিত করেই বলছি, শিক্ষার্থীদের সবগুলো দাবিই বাস্তবায়ন করতে পারব।'

সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাবে উপাচার্য বলেন, 'আমাদের সন্তানদের ভালো-মন্দ দেখা আমাদেরই কাজ। তবে অবস্থা অনেক সময় এমন থাকে, আমি নিজেই অসহায় হয়ে পড়ি। আমার সঙ্গে তাদের (শিক্ষার্থী) একটি প্রতিনিধি দলকে কথা বলার অনুরোধ করেছিলাম। তারা মানেনি। একটি মবের (হুজুগে জনসাধারণ) সামনে গিয়ে এই গরমের মধ্যে তো কথা বলা যায় না। শেষ পর্যন্ত তারা আমার সঙ্গে বসেছে। আমার কথা রেখেছে। এটা ভালো লেগেছে। আমাদের এখানে কোনো রকমের গ্যাপ নেই।'

অছাত্র ও বহিরাগতদের হল থেকে বের করার বিষয়ে উপাচার্য বলেন, অভিযান চলছে। দু'দিন ভর্তি পরীক্ষার জন্য একটু ধীরগতি হবে। তবে কাজ চলছে। রাজনীতি বন্ধের বিষয়ে তিনি বলেন, রাজনীতি বন্ধ করার ক্ষমতা আমার নেই। তবুও শিক্ষার্থীরা দাবি জানিয়েছে, আমি মেনে নিয়েছি। আর এটাও সরকার অনুমতি দেওয়ায় করেছে। যখন প্রধানমন্ত্রী বলেছেন যে, এটা বুয়েটের ব্যাপার, তখন আমি সাহস পেয়েছি।

© সমকাল 2005 - 2019

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন : +৮৮০১৯১১০৩০৫৫৭ (প্রিন্ট পত্রিকা), +৮৮০১৮১৫৫৫২৯৯৭ (অনলাইন) । ইমেইল: ad.samakalonline@outlook.com